bengalioldsongs.in



শ্রীমতী উৎপলা সেন

জনপ্রিয় শিল্পীদের মধ্যে শ্রীমতী উৎপলা অন্যতমা। সুললিত কণ্ঠ ও সুষ্ঠু পরিবেশন গুণে এ'র প্রত্যেকটি গানই প্রাণবন্ত হ'য়ে ওঠে।

## শ্রীমতী উৎপলা সেন

## Sm. Utpala Sen

কথা :—শ্রী শঙ্কর
সুর :—সুধীন্ দাশগুপ্ত

**N 82842** ঐ রাতের তারা আজ তন্দ্রাহারা
পথের ধারে ম্ক্তো আমি

(১)

ঐ রাতের তারা
আজ তন্দ্রা হারা
কোন্ বাঁশীর তানে
বলো কে জানে ॥

কোন্ মায়াবী রাতে
তুমি ছিলে গো সাথে
মিশে আমার প্রাণে
কেন কে জানে ॥

তুমি নেই যে কাছে
আজ তাইতো বাজে
ওগো স্মরণ-বীণা
মোর হৃদয় মাঝে।

কোন্ দূরের বাঁশী
আজ দুয়ারে আসি'
কার বারতা আনে ॥*

(২)

পথের ধারে ম্ক্তো আমি
ছড়িয়ে দিলাম
তোমার দেওয়া ম্ক্তো আমি
ছড়িয়ে দিলাম
বদলে তার কনকচাঁপা
কুড়িয়ে নিলাম ॥

তাই দিয়ে গাঁথি মালা
তাই দিয়ে সাজাই ডালা
কবে তুমি আসবে আশায়
বসেছিলাম ॥

অনেক সাধের এ যে
অনেক দিনের আশা
কত মধুর এযে
মুখর মনের ভাষা।

এই নিতে আসবে কাছে
এরই সাথে জড়িয়ে আছে
মনের ম্ক্তো আমার
জানো তার কি দাম ॥*

—শিল্পীর পূর্ব-প্রকাশিত রেকর্ড—

N 82830 ছল্ ছল্ চঞ্চল
আধুনিক তোমার কথাই ভাবছিলাম

N 82807 মল্লিকা চেয়েছে যে
আধুনিক আঁধার নেমেছে দূরে—